গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
(স্থানীয় সরকার শাখা)
www.mymensinghdiv.gov.bd

স্মারক নং:০৫.৪৫.০০০০.০১৫.৯৯.০২৮.২৬-১৬৩

তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২০ মে ২০২৬

## আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয় খেয়াঘাটসমূহের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি:

ময়মনসিংহ বিভাগাধীন আন্তঃজেলা পরিষদের ১টি এবং ময়মনসিংহ বিভাগের নেত্রকোনা ও সিলেট বিভাগের সুনামগঞ্জ জেলা পরিষদের আন্তঃ বিভাগাধীন ২ টি খেয়াঘাট ২০২৬-২০২৭ অর্থ বছরে ইজারা প্রদানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত শর্তে নির্দিষ্ট ফরমে (সিডিউল ফরম) সকল আগ্রহী ব্যক্তির নিকট থেকে সীলমোহর যুক্ত (মুখ বন্ধ খামে) দরপত্র আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, ১ম পর্যায়ে শুধুমাত্র "জন্মগত পেশাদার পাটনীদের" জন্য সংরক্ষিত থাকবে এবং ২য় হতে ৪র্থ পর্যায়ে পাটনীসহ সর্বসাধারণ অংশগ্রহণ করতে পারবে।

| ক্রম | আন্তঃজেলা/আন্তঃবিভাগীয় ফেরি/খেয়াঘাটের নাম | উভয় পাড়ের অবস্থান (উপজেলা, জেলা ও বিভাগ) | সম্ভাব্য মূল্য (টাকায়) (২০২৬-২৭ অর্থ বছর) |
|---|---|---|---|
| ১. | নারায়নখোলা-পিয়ারপুর আন্তঃজেলা খেয়াঘাট | নকলা, শেরপুর - জামালপুর সদর (ময়মনসিংহ বিভাগ) | ২৪,২০,৫৫০/- (চব্বিশ লক্ষ বিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা |
| ২. | চান্দালীপাড়া-বিশরপাশা আন্তঃবিভাগীয় খেয়াঘাট | কলমাকান্দা, নেত্রকোণা - মধ্যনগর, সুনামগঞ্জ (ময়মনসিংহ - সিলেট বিভাগ) | ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা |
| ৩. | আখতারপাড়া আন্তঃবিভাগীয় খেয়াঘাট | মোহনগঞ্জ, নেত্রকোণা - ধর্মপাশা, সুনামগঞ্জ (ময়মনসিংহ-সিলেট বিভাগ) | ৩৮,৫০০/- (আটত্রিশ হাজার পাঁচশত) টাকা |

### দরপত্র দাখিলের সময়সূচি

| দরপত্র গ্রহণের পর্যায় | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান |
|---|---|---|---|
| ১ম | ০৪.০৬.২০২৬ তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ৪.০৬.২০২৬ খ্রি. দুপুর ১.৩০ টা | ১. পরিচালক, স্থানীয় সরকারের দপ্তর, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।<br>২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নকলা, শেরপুর/জামালপুর সদর, জামালপুর।<br>৩.উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধর্মপাশা, সুনামগঞ্জ,সিলেট/ মোহনগঞ্জ, নেত্রকোণা, ময়মনসিংহ।<br>৪. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোণা, ময়মনসিংহ/ মধ্যনগর, সুনামগঞ্জ, সিলেট। |
| ২য় | ১১.০৬.২০২৬ তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ১১.০৬.২০২৬ খ্রি. দুপুর ১.৩০ টা | |
| ৩য় | ১৮.০৬.২০২৬ তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৮.০৬.২০২৬ খ্রি. দুপুর ১.৩০ টা | |
| ৪র্থ | ২৫.০৬.২০২৬ তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত | ২৫.০৬.২০২৬ খ্রি. দুপুর ১.৩০ টা | |

### শর্তাবলি

১। খেয়াঘাটগুলো ০১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত মেয়াদে ইজারা প্রদান করা হবে।

২। দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বের কার্যদিবসের অফিস সময় পর্যন্ত বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর স্থানীয় সরকার শাখা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নকলা, শেরপুর/জামালপুর সদর, জামালপুর/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোণা/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধর্মপাশা, সুনামগঞ্জ/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোণা/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধ্যনগর, সুনামগঞ্জ হতে সংগ্রহ করা যাবে। খেয়াঘাটের দরপত্র ফরমের মূল্য ১নং খেয়াঘাটের জন্য ২০০০/-(দুই হাজার) টাকা, ২ নং খেয়াঘাটের জন্য ১০০০/-(এক হাজার), ৩নং খেয়াঘাটের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)।

৩। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত পর্যন্ত বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর স্থানীয় সরকার শাখা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নকলা, শেরপুর/জামালপুর সদর, জামালপুর/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোহনগঞ্জ, নেত্রকোণা/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধর্মপাশা, সুনামগঞ্জ/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোণা/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধ্যনগর, সুনামগঞ্জে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। একই দিন দুপুর ১.৩০ টায় উল্লিখিত অফিসসমূহে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৪। দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর অনুকূলে জামানত হিসাবে জমা প্রদান করতে হবে। দরপত্র গৃহীত না হলে জামানত ফেরৎযোগ্য।

৫। দরপত্র ফরম-এ কোন কাটাকাটি, ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর স্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে। দরপত্র ফরম-এ উল্লিখিত যাবতীয় কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।

৬। ১ম-৪র্থ পর্যায়ে দরপত্র গ্রহণে কোন কাঙ্খিত দরদাতা পাওয়া না গেলে পরবর্তীতে আর কোন দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে না।

৭। "হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০০৩" এ বর্ণিত শর্ত মোতাবেক দরপত্রদাতা জন্মগত পেশাদার পাটনী হলে দরপত্রের সাথে জন্মগত পেশাদার পাটনী সম্পর্কে স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হালনাগাদ প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

৮। দরপত্র গৃহীত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবশ্যই খেয়াঘাটের সমুদয় ইজারা মূল্য এবং উদ্ধৃত মুল্যের উপর ১০%(দশ) আয়কর এবং ১৫%(পনের) ভ্যাট একত্রে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাবদ জমাকৃত অর্থ (ব্যাংক ড্রাফট) বাজেয়াপ্ত হবে এবং দরপত্র বাতিলক্রমে যথাশীঘ্র সম্ভব পুনরায় দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। ইজারার টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর অনুকূলে জমা প্রদান করতে হবে এবং ভ্যাট ও আয়করের টাকা সংশ্লিষ্ট কোডে চালানের মাধ্যমে জমাপ্রদানপূর্বক চালানের কপি স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে জমা দিতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১০। গৃহীত দরপত্রের সমুদয় টাকা, আয়করের টাকা ও ভ্যাটের টাকা পরিশোধ করার পর খেয়াঘাটের দখল ইজারা কমিটির আহবায়ক এর পক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে সংশ্লিষ্ট ইজারাদারের অনুকূলে বুঝিয়ে দেয়া হবে। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা কিংবা তাঁর প্রতিনিধি কর্তৃক নির্ধারিত স্থানেই ইজারাদার ঘাটের দখল বুঝে নিতে বাধ্য থাকবেন।

১১। খেয়াঘাটের উভয় পাড়ে ইজারা প্রদানকারী প্রতিষ্ঠান (যথাযথ কর্তৃপক্ষ) কর্তৃক অনুমোদিত টোলরেট চার্ট ইজারাদার সর্বসাধারণের জ্ঞাতার্থে সহজে দর্শনীয় জায়গায় নোটিশ বোর্ড আকারে টানিয়ে রাখার ব্যবস্থা করবেন। ইজারাদার নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন। টোলের অর্থ আদায়ে কোন অভিযোগ প্রমাণিত হলে নীতিমালা মোতাবেক ইজারা মূল্যের এক দশমাংশ পর্যন্ত জরিমানা এবং সর্বোচ্চ শাস্তি হিসাবে ইজারা বাতিল করা হবে।

১২। ইজারাদার কোনক্রমে ইজারা প্রাপ্ত খেয়াঘাট অন্যের নিকট পুন:ইজারা বা সাবলিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্তের লংঘন ঘটে তবে ইজারাদারের ইজারা বাতিল বলে গণ্য হবে ও জমাকৃত টাকা বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। খেয়াঘাটের যাত্রীদের চলাচলের জন্য ইজারাদার নিজ উদ্যোগ ও ব্যয়ে উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য প্রয়োজনীয় স্থাপনা নির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং ঘাট এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।

১৪। দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারের অন্য কোন আইন, বিধি, অধ্যাদেশ, পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলি ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন। ফেরিঘাটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং যানবাহন ও যাত্রীদের সহজে যাতায়াতের সুবিধার্থে স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত আদেশ নির্দেশও ইজারাদারকে মেনে চলতে হবে।

১৫। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল কিংবা পরিবর্তন/পরিবর্ধন এবং প্রয়োজনীয় সংশোধনী প্রদানের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। ইজারা সংক্রান্ত তথ্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ এর ওয়েব সাইট (www.mymensinghdiv.gov.bd) হতে জানা যাবে।

20/05/26
(জন কেনেডি জাম্বিল)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)
ময়মনসিংহ
ও
আহবায়ক
আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয়
ফেরি/খেয়াঘাট ইজারা কমিটি

স্মারক নং: ০৫.৪৫.০০০০.০১৫.৯৯.০২৮.২৬-১৬৩

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২০ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার ,ময়মনসিংহ/সিলেট।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, জামালপুর/শেরপুর/নেত্রকোণা/সুনামগঞ্জ **(তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো এবং ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর/শেরপুর/নেত্রকোণা, ময়মনসিংহ বিভাগ/সুনামগঞ্জ, সিলেট বিভাগ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর/জামালপুর সদর, জামালপুর/ উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ/কলমাকান্দা, নেত্রকোণা, ময়মনসিংহ বিভাগ/ উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশা/মধ্যনগর, সুনামগঞ্জ, সিলেট বিভাগ **(বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো, তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় মাইকিং, ঢোলসহরত এর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।**

৪। পুলিশ সুপার, জামালপুর/শেরপুর/নেত্রকোণা/সুনামগঞ্জ ।

৫। জেলা তথ্য অফিসার, জামালপুর/শেরপুর/নেত্রকোণা/সুনামগঞ্জ।

৬। সহকারী কমিশনার (ভূমি), নকলা, শেরপুর/জামালপুর সদর, জামালপুর।

৭। সহকারী কমিশনার (ভূমি), মধ্যনগর, সুনামগঞ্জ, সিলেট/ মোহনগঞ্জ, নেত্রকোণা, ময়মনসিংহ।

৮। সহকারী কমিশনার (ভূমি), ধর্মপাশা, সুনামগঞ্জ, সিলেট/ কলমাকান্দা, নেত্রকোণা, ময়মনসিংহ।

৯। চেয়ারম্যান,........................................................................ইউনিয়ন পরিষদ,
উপজেলা-.................................. জেলা, ...........................................................

(৪–৯:) বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০। প্রাক্তন ইজারাদার জনাব..............................................................................................

১১। অফিস কপি।

20/05/2026
(বিপিন চন্দ্র বিশ্বাস)
উপপরিচালক, স্থানীয় সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ময়মনসিংহ
ও
সদস্য-সচিব
আন্তঃজেলা ও আন্তঃবিভাগীয়
ফেরি/খেয়াঘাট ইজারা কমিটি